উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ বেগম পারুল আক্তারী
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর

স্থানঃ উপজেলা পরিষদ মিলনায়তন।

তারিখঃ ০৫/১০/২০২১ খ্রিঃ।

সময়ঃ বিকাল ৩:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব শামসুল আলম রাসেল | চেয়ারম্যান হামিরদী ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০২ | জনাব নূরে আলম সিদ্দিকী | চেয়ারম্যান নারিবাদ ইউনিয়ন পরিষদ | অনুঃ |
| ০৩ | জনাব মো: রেজাউল করিম | চেয়ারম্যান, কাউলীবেড়া ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব পামীলা বেগম | সহকারী শিক্ষক (অব:), ভাঙ্গা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব নাহিদ সুলতানা | পিও, প্রগতি, ব্র্যাক এনজিও, ভাঙ্গা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব ইলা রানী কুন্ডু | উপজেলা মহিলা বিষয়ক অফিসার | স্বাক্ষরিত |

আলোচ্য সূচিঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. কিশোরীদের বয়ঃসন্ধীকাল ও ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা সংক্রান্ত ওরিয়েন্টেশন।
৩. বিবিধ আলোচনা

| আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রথমে পূর্ববর্তী সভার কার্যবিবণী পাঠ করা হয় এবং কারো কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা অনুমোদন করা হয়। অতঃপর সভাপতি সভার সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অদ্যকার সভার আলোচ্যসূচী সভাকে অবহিত করার জন্য অনুরোধ জানান। | অনুমোদিত কার্যবিবরণী সম্মানিত সকল সদস্যকে সরবরাহ করা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১। কিশোরীদের বয়ঃসন্ধিকাল ও ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা সংক্রান্ত ওরিয়েন্টেশন। | আলোচ্য সুচি অনুযায়ী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভাঙ্গা ফরিদপুর জানান, কিশোর-কিশোরীদের বয়ঃসন্ধিকাল গুরুত্বপূর্ণ একটি সময়। যে বয়সে ছেলে-মেয়েদের শরীরে ও মনে কিছু পরিবর্তন শুরু হয় এবং যৌবনের লক্ষণসমূহ প্রকাশ পেতে শুরু করে। মূলত ১০ থেকে ১৩ বছরের মধ্যে যেকোনো সময় তা হতে পারে। এসময় ছেলেরা বিভিন্ন নেশার ফাঁদে পা দেয়। আর মেয়েরা প্রেমের জালে জড়িয়ে পড়ে। প্রযুক্তিগত উন্নতি ইন্টারনেটের অপব্যবহার উঠতি বয়সী কিশোরীদের বিপদগামী হতে সাহায্যতা যোগায়। বন্ধুদের সঙ্গ পেয়ে কিশোরীরা বিভিন্ন অসামাজিক কর্মকান্ডে জড়িয়ে পড়ে। কিশোরীদের জীবন ধ্বংসের কারণ হয়ে দাড়ায়। এরুপ পরিস্থিতি মোকাবেলায় অভিভাবকদের সতর্ক দৃষ্টি রাখা জরুরী। এহনাবস্থায়, আমাদের উপজেলায় অভিভাবক ও কিশোরীদের সমন্বয়ে 'কিশোরীদের বয়ঃসন্ধিকাল ও ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা সংক্রান্ত ওরিয়েন্টেশন' করা যেতে পারে। জনাব শামসুল আলম রাসেল, চেয়ারম্যান | ১। 'কিশোরীদের বয়ঃসন্ধিকাল ও ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা সংক্রান্ত ওরিয়েন্টেশন' 'উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প'(UGDP)এর মাধ্যমে ওরিয়েন্টেশন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। ০৩(তিন)টি ব্যাচে ওরিয়েন্টেশন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রশাসন, ভাঙ্গা, ফরিদপুর। |

| | | | |
|---|---|---|---|
| | হামিরদী ইউনিয়ন পরিষদ, সভার সদস্য সচিবের বক্তব্যের সাথে একমত পোষণ করে বলেন, অত্র উপজেলায় 'উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প' এ সংক্রান্ত সচেতনতামূলক কার্যক্রমের সাথে সরাসরি যুক্ত রয়েছেন। উল্লিখিত প্রকল্পের অর্থায়নে প্রস্তাবিত ওরিয়েনটেশন করা যেতে পারে।<br>সভাপতি বলেন, কিশোর-কিশোরীদের বয়ঃসন্ধিকাল অত্যন্ত গুরুত্বপূর্ণ সময়। এ সময় ছেলে মেয়েদের বুদ্ধির চেয়ে আবেগ বেশি কাজ করে। বাস্তবতা সম্পর্কে অভিজ্ঞতা কম থাকায় অন্যের প্ররোচনায় বিভিন্ন অসামাজিক কার্যকলাপে জড়িয়ে পড়ে অথবা বিপদগামী হওয়ার সম্ভাবনা থাকে। এরুপ পরিস্থিতি মোকাবেলায় অধিকাংশ অভিভাবকেরা মেয়েদের বাল্য বিবাহের পথ বেছে নেয়। বাল্য বিবাহের কারণে সংসারে নানা অশান্তি হয়। অল্প বয়সে মা হওয়ার কারণেও সংসারে বিভিন্ন অশান্তি হয় ফলে মেয়েদের আত্মহত্যার প্রবণতা দেখা যায়। এমন পরিস্থিতিতে এ উপজেলায় 'কিশোরীদের বয়ঃসন্ধিকাল ও ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা সংক্রান্ত ওরিয়েন্টেশন' সময়ের দাবী। 'উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প'(UGDP) প্রকল্পের মাধ্যমে ওরিয়েন্টেশন করা যেতে পারে। | | |
| ৩। বিবিধ আলোচনা | বিবিধ আলোচনায় সভাপতি জানান, বাল্য বিবাহ একটি সামাজিক ব্যধি। এ থেকে পরিত্রানের উপায় খুজে বের করা আদের জন্য জরুরী। নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে ভাঙ্গা উপজেলা প্রশাসন জিরো টলারেন্স ভূমিকায় আছে ও থাকবে। কোথাও কোন বাল্য বিবাহের সংবাদ পেলে উভয় পক্ষের অভিভাবক, নিকাহ রেজিস্ট্রারসহ অভিযুক্ত সকলকে আইনের আওতায় এনে শাস্তি প্রদান করা হবে। তিনি আরো বলেন, অল্প বয়সে একটা মেয়ে মা হলে নানা সমস্যা দেখা দেয়। বিশেষ করে সরকারী ছুটির দিনগুলোতে বাল্য বিবাহ সংঘটিত হয়। এ বিষয়ে কমিটির সকল সদস্যকে সতর্ক দৃষ্টি রেখে প্রয়োজনীয় | বাল্য বিবাহ বন্ধের বিষয়ে বাল্য বিবাহ নিরোধ আইন-২০১৭ খ্রিঃ অনুযায়ী দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ বাল্য বিবাহ বন্ধের বিষয়ে ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা প্রশাসন, ভাঙ্গা, ফরিদপুর। |

( বেগম পারুল আক্তারী )
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি।
ভাঙ্গা, ফরিদপুর।

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্য বিবরনী :

সভাপতি : বেগম পারুল আক্তারী
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভাংগা, ফরিদপুর,
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন,
তারিখ: ০৫/১০/২০২২ খ্রী:
সময় : বিকাল ৩:০০ ঘটিকা
সভায়: উপস্থিত, সদস্যবৃন্দ :

| ক্রমিক | নাম | পদবী | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব শামসুল আলম রাসেল | চেয়ারম্যান হামিরদী ইউনিয়ন পরিষদ | 01716777460 | [illegible] |
| ০২ | জনাব নুরে আলম সিদ্দিকী | চেয়ারম্যান নাছিরাবাদ ইউনিয়ন পরিষদ | 01757366016 | |
| ০৩ | জনাব মো: রেজাউল করিম | চেয়ারম্যান কাউলীবেড়া ইউনিয়ন পরিষদ | 01713938700 | [illegible] |
| ০৪ | জনাব শামীমা বেগম | সহকারী শিক্ষক (অব:) ভাঙ্গা মডেল স: প্রা: বিদ্যালয় | 01721200301 | [illegible] |
| ০৫ | জনাব নাহিদা সুলতানা | পিও, প্রগতি, ব্র্যাক এনজিও ভাংগা, ফরিদপুর | ০১৭৩৮-২২৪৫৫৫ | [illegible] |
| ০৬ | জনাব ইলা রানী কুন্ডু | উপজেলা মহিলা বিষয়ক অফিসার | 01715187372 | [illegible] ০৭/১০/২২ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কাযালয়
ভাঙ্গা, ফরিদপুর।

:.০১.২৯১০.০০০.১৬.০০১-২১-২৪৪ তারিখঃ ০৫ /১০/২০২১খ্রিঃ।

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর।
০২। উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গা, ফরিদপুর।
৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ফরিদপুর।
৪। চেয়ারম্যান, .................. ইউনিয়ন পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর।
৫। জনাব, ................................................ ভাঙ্গা, ফরিদপুর।
৬। অফিস কপি।

ইলা রানী কুন্ডু
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ভাঙ্গা, ফরিদপুর।